

নম্বর ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৩.১০

তারিখ: ২৬ পৌষ ১৪২৯

১০ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) ও পদক ব্যবস্থাপনা সংক্রান্ত
অবহিতকরণ সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ পরিমার্জিতরূপে সংশোধন করে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) প্রণয়ন করা হয়েছে। ২০২৩ সালের পদক প্রদানের জন্য অনলাইনে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে আবেদন দাখিলের জন্য গত ০৪.০১.২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বর্ণিত সংশোধিত নীতিমালার বিষয়ে এবং অনলাইনে আবেদন দাখিল ও পদক ব্যবস্থাপনা সংক্রান্ত কারিগরি সহায়তা বিষয়ক এক অবহিতকরণ সভা নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অনলাইন প্ল্যাটফর্মে (Zoom) অনুষ্ঠিত হবে। এ মন্ত্রণালয়ের সিপিটি অনুবিভাগের অতিরিক্ত সচিব মহোদয় উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

ক্রমিক নং	সভার তারিখ	মন্ত্রণালয়/বিভাগ ও বিভাগ	সময়	সভার আইডি ও পাসওয়ার্ড
০১.	১৭/০১/২০২৩ মঙ্গলবার	রাজশাহী ও রংপুর বিভাগ	১১:০০ হতে ১২.০০ টা	ID- 5300685413 Password- MopaPacc
		ঢাকা ও ময়মনসিংহ বিভাগ	২:৩০ হতে ৩:৩০ টা	
০২.	১৯/০১/২০২৩ বৃহস্পতিবার	খুলনা ও বরিশাল বিভাগ	১১:০০ হতে ১২.০০ টা	
		চট্টগ্রাম ও সিলেট বিভাগ	২:৩০ হতে ৩:৩০ টা	
০৩.	২২/০১/২০২৩ রবিবার	মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশন	১১:০০ হতে ১২.০০ টা	

২. এমতাবস্থায়, উল্লিখিত সময়সূচি অনুসারে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন সরকারি দপ্তর/সংস্থা, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশন এবং বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের প্রধানগণ অথবা তাঁদের একজন উপযুক্ত প্রতিনিধিকে বর্ণিত সভায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১১-১-২০২৩

মোহাম্মদ নাছির উল্লাহ খান

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (নোটিশটি তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (নোটিশটি বিভাগীয় সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেমের ফোকাল পয়েন্ট কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ)
- ৬) প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৭) জেলা প্রশাসক (সকল) (নোটিশটি জেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (নোটিশটি উপজেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৪) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)